



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর
রাজাপুর-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের শততম ওয়েবিনার অনুষ্ঠিত

(০৫-১২-২০২০): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের গত ৪ ডিসেম্বরের ওয়েবিনারে নোবেল পুরস্কার বিজয়ী পদার্থ বিজ্ঞানী ড. ডেভিড জে উইনল্যান্ড অংশগ্রহণ করেছেন। তিনি ২০১২ সালে পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার অর্জন করেন। করোনাকালীন সময়ে পদার্থবিজ্ঞান বিভাগের উদ্যোগে শততম ওয়েবিনার অনুষ্ঠিত হলো।

ড. প্রীতম কুমার দাস জানান ‘এরা অফ অফটিক্যাল অ্যাটমিক ক্লকস’ বিষয়ে স্পীকার বক্তা হিসেবে বক্তব্য রাখেন ড. ডেভিড জে উইনল্যান্ড। আন্তর্জাতিক ফিজিক্স ওয়েবিনার সঞ্চালক ছিলেন ড. প্রীতম কুমার দাস। তিনি বলেন, করোনাকালীন সরকারের শিক্ষার ক্ষেত্রে যে অবদান তা ধরে রাখতে ও শিক্ষার্থীরা যেন বিজ্ঞানমনস্কতা থেকে দূরে সরে না যায়, সেজন্য ধারাবাহিক ওয়েবিনারের আয়োজন করা হচ্ছে। মুজিব শতবর্ষ ও বিজয়ের মাস উপলক্ষে ১০০ তম ওয়েবিনারের আয়োজন করা হয়। এই ওয়েবিনার শিক্ষার্থীদের মধ্যে ইতিমধ্যে জনপ্রিয় হয়ে উঠেছে। অনলাইন শিক্ষা কার্যক্রমে ওয়েবিনারের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

ড. ডেভিড জে উইনল্যান্ড ওয়েবিনারে অংশ নিয়ে বলেন, শিক্ষার্থীদের নিজের পছন্দের বিষয় খুঁজে নিতে হবে। তারপর পছন্দমতো বিষয়ে ভালো লাগার পিছনে নিজেকে ধাবিত করে তা অর্জন করতে হবে। অবশ্যই সেই ভালো লাগা বা পছন্দের বিষয় ইতিবাচক কিছু হতে হবে। তার আগে নিজের ভেতর নিজেকেই খুঁজতে হবে। তুমি কী পারবে? তোমার ভালোলাগা কী? এটা নিজেকেই বের করতে হবে। তিনি তাঁর জীবনের নানা বিষয় উল্লেখ করে পিতামাতাদের উদ্দেশ্যে বলেন, সন্তানদের স্বাধীনতা দিতে হবে। স্বাধীনতা না থাকলে নিজেকে আবিষ্কার করা যায় না।

পদার্থবিজ্ঞানের শিক্ষার্থীদের উদ্দেশ্যে-বর্তমান প্রযুক্তি কাজে লাগিয়ে ভবিষ্যতে আমরা কোথায় যেতে পারি, কী করতে পারি দেশ ও জনগণের কল্যাণে কী করা সম্ভব তা তুলে ধরেন। তিনি তাঁর জীবনের নানা বিষয় তুলে ধরেন।

বার্তা প্রেরক

মোঃ ফারুক হোসেন চৌধুরী

উপ-পরিচালক (জনসংযোগ দপ্তর)

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।